64

দৈনিক ইনকিলাব

তারিখ 29 JAN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

## ঢাঃবিঃ কর্তৃপক্ষ সমীপে

বিশ্ববিদ্যালয়ে গত ২১-১-৯৪ তারিখে অনুষ্ঠিত হল 'ঘ' ইউনিটের প্রথম বর্ষ সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষা। কিন্তু প্রশ্নপত্রে উল্লিখিত একটি নতুন নিয়ম মানবিক বিভাগের অধিকাংশ ছাত্র-ছাত্রীর মনে তীব্র ক্ষোভ, দুঃখ এবং হতাশার সৃষ্টি করেছে। নিয়মটি হল, "যারা বাণিজ্য অনুষদভুক্ত কোন বিভাগে ভর্তি হতে ইচ্ছুক তাঁদেরকে অবশ্যই গণিত অথবা হিসাব বিজ্ঞান বিষয়ের পরশ্নোত্তর লিখতে হবে।" উল্লেখ্য এ ধরনের কোন নিয়ম ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই। কিন্তু নির্দেশিকায় আছে—"বাণিজ্য অনুষদের কোন বিভাগে ভর্তি হতে হলে প্রার্থীকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, অর্থনীতি অথবা হিসাব বিজ্ঞানে শতকরা ৪৫ নম্বর থাকতে হবে। ঐচ্ছিক হিসাবে কোন বিষয়ে পরীক্ষা দিতে হবে তার উল্লেখ নেই। ফলে মানবিক বিভাগের ছাত্র-ছাত্রীরা গণিত/ হিসাব বিজ্ঞান ছাড়াও অনেকে সাধারণ জ্ঞানে প্রস্তুতি নিয়েছিল।

—মোঃ সাইদুল ইসলাম,
গ্রাম- বাদেখানপুর, চৌগাছা, যশোর।